তারিখ 17 APR 2017

কালের কণ্ঠ

### বাংলাদেশ কৃ[redacted]য়

# [redacted]চন [redacted]লের

বাকৃবি প্রতিনিধি ▷

নির্বাচনী আচরণবিধি মেনে দ্রুত শিক্ষক সমিতির নির্বাচনের দাবি জানিয়েছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে (বাকৃবি) বিএনপিপন্থী শিক্ষকদের সংগঠন সোনালী দল। গতকাল রবিবার সোনালী দলের সভাপতি ও সাধারণ সম্পাদক স্বাক্ষরিত এক বিবৃতিতে এ দাবি জানানো হয়। যোগাযোগ করা হলে বিশ্ববিদ্যালয়ের আওয়ামীপন্থী শিক্ষকদের সংগঠন গণতান্ত্রিক শিক্ষক ফোরামের সাধারণ সম্পাদক এ দাবিকে সমর্থন করেন।

এদিকে গত ৯ মার্চ শিক্ষক সমিতির সর্বশেষ মিটিংয়েও ব্যালটের ছবি তোলা নিয়ে গণতান্ত্রিক শিক্ষক ফোরাম ও সোনালী দলের মধ্যে সমঝোতা না হওয়ায় নির্বাচনের তারিখ ঘোষণা করতে পারেনি শিক্ষক সমিতি। পরে বিষয়টি অমীমাংসিত রেখেই মিটিং শেষ হয়।

বাকৃবি শিক্ষক সমিতির নিয়ম অনুযায়ী এক বছর পর পর শিক্ষক সমিতির নির্বাচন হওয়ার কথা। সে ক্ষেত্রে কমিটির সভাপতি ও সাধারণ সম্পাদক পরবর্তী কমিটি গঠনের জন্য নির্বাচনের তারিখ ঘোষণা করবেন; যেখানে বিদায়ী সভাপতি নির্বাচনের প্রিসাইডিং অফিসার হিসেবে দায়িত্ব পালন করবেন। কিন্তু বর্তমান বাকৃবি শিক্ষক সমিতির মেয়াদ গত ৯ মার্চ শেষ হলেও এখন পর্যন্ত নির্বাচনের তারিখ ঘোষণা করা হয়নি। এই অবস্থায় সোনালী দলের পক্ষ থেকে দ্রুত শিক্ষক সমিতির নির্বাচনের দাবি জানানো হয়।

গতকাল সোনালী দলের সভাপতি অধ্যাপক ড. মো. ফজলুল আউয়াল মোল্লা ও সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. শওকত আলী স্বাক্ষরিত বিবৃতিতে বলা হয়, শিক্ষক সমিতির নির্বাচনে ভোট দেওয়ার পর দলীয় আনুগত্যের প্রমাণ হিসেবে ব্যালটের ছবি তোলা নিয়ে অচলাবস্থা সৃষ্টি হয়। তাতে বিশ্ববিদ্যালয়ের ভাবমূর্তি ক্ষুণ্ন হচ্ছে বলে মনে করে সোনালী দল। এর আগে শিক্ষক সমিতির সাধারণ সভায় ভোট দেওয়ার পর ব্যালট পেপারের ছবি তোলা নিষিদ্ধ করা হয়। নির্বাচনে কোনো শিক্ষক এ কাজ করলে তাঁর ব্যালট বাতিলসহ উপযুক্ত শাস্তিরও দাবি জানানো হয়। তবে যথাসময়ে নির্বাচন না হওয়ায় শিক্ষকদের বিভিন্ন ন্যায্য দাবি-দাওয়া আদায়ও সম্ভব হচ্ছে না।

এ বিষয়ে ফোরামের সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. সাইদুর রহমান বলেন, 'নির্বাচনী আচরণবিধি মেনে আমরাও অতিদ্রুত নির্বাচন চাই। শিক্ষক সমিতি না থাকায় শিক্ষকদের স্বার্থসংশ্লিষ্ট অনেক কাজই থেমে আছে।' ব্যালটের ছবি তোলার বিষয়টি তাঁরাও সমর্থন করেন না বলে জানান। এ বিষয়ে শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মো. ছোলায়মান আলী ফকির বলেন, 'নির্বাচনে ব্যালটের ছবি তোলার বিষয়টি প্রমাণিত হলে তার কি শাস্তি হবে এ নিয়ে দুই পক্ষের মধ্যে মতবিরোধ থাকায় নির্বাচনের তারিখ ঘোষণা করা সম্ভব হয়নি। বারবার মিটিং করে সন্তোষজনক কোনো সমাধানে আসতে না পারায় আমরা বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের দৃষ্টি আকর্ষণ করেছি।'

এ বিষয়ে বাকৃবির উপাচার্য অধ্যাপক ড. মো. আলী আকবর বলেন, 'আমার কাছে নির্বাচন দাবি করা অযৌক্তিক। এটি শিক্ষক সমিতির কাজ। তবে একটি বিষয় নিয়ে সমস্যা সৃষ্টি হওয়ায় যেহেতু দুই পক্ষই আমার কাছে সমাধানের দাবি জানিয়েছে, তাই আমি তাদের নিয়ে বসব। এরই মধ্যে একটি পক্ষের সঙ্গে আলোচনা হয়েছে। তবে দুই পক্ষেরই ছাড় দেওয়ার মানসিকতা না থাকলে বিষয়টি সমাধান সম্ভব নয়।'


ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং..............................
তারিখ..............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর